দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে ইফতার মাহফিল

দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু’র উদ্যগে সদর ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার বিকেল সাড়ে ৫টার সময় দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজ মাঠ প্রাঙ্গণে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ এর সভাপতিত্বে ইফতার মাহফিল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মো: আলী মুনছুর বাবু।

এসময় আরও উপস্থিত ছিলেন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, আওয়ামী লীগ নেতা সেলিম উদ্দিন বগা, ইসমাইল হোসেন, উপজেলা শ্রমিক লীগের সভাপতি হাজী আব্দুল কাদির, ইউপি সদস্য হাসান আলী, মতিয়ার রহমান, নূরুল ইসলাম, সুমন আলী, লিয়াকত আলী, উপজেলা ছাত্র লীগের সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু সহ সদর ইউনিয়নের সকল ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি, সাধারণ সম্পাদক প্রমূখ।

দোয়া মাহফিল পরিচালনা করেন দামুড়হুদা মডেল মসজিদের পেশ ইমাম মুফতি মামুনুর রশীদ।

আলমডাঙ্গায় এমএ মান্নান রতন জমিদারের উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত

আলমডাঙ্গায় আমেরিকা প্রবাসী এমএ মান্নান রতন জমিদারের উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সন্ধ্যায় উপজেলার

জামজামি ইউনিয়নের ভোদুয়া নতুন ঈদগা ময়দানে ১৪ তম দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

ইফতার মাহফিলে সার্বিক সহযোগীতা করেন ভোদুয়া গ্রামের সর্বস্তরের যুব সমাজ।

ইফতার মাহফিল অনুষ্ঠানে ভোদুয়া গ্রামের সর্বস্তরের প্রায় তিন হাজার রোজাদার অংশগ্রহণ করেন। এর আগে প্রবাসী এমএ মান্নান রতন জমিদার ও তার পরিবারের প্রতি দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

জানাগেছে, প্রতিবছরের ন্যায় এবারও আমেরিকা প্রবাসী এমএ মান্নান রতন জমিদারের উদ্যোগে প্রায় তিন হাজারের উর্ধে রোজাদারগণের ইফতারি বিতরণ করা হয়েছে। গশনিবার বিকেল সাড়ে ৪ টার পর থেকে ভোদুয়া গ্রামের সাধারণ রোজাদার একে একে নতুন ঈদগাহ মাঠে আসতে থাকেন। এমএ মান্নান রতন জমিদারের অনুপস্থিতিতে সার্বিক দায়িত্বপালন করেন ভোদুয়া গ্রামের কয়েকশো যুবক। মাহে এই রমজানে এমন আয়োজনে গ্রামের সাধারণ মানুষ অনেক খুশি হয়েছে। ভোদুয়া গ্রামের যুব সমাজ ও আমেরিকা প্রবাসী এম এ মান্নান রতন জমিদার প্রতিবছর রমজান মাসে এ আয়োজন করে থাকেন।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জামজামি বাজার জামে মসজিদের খতিব মোঃ সাইফুল ইসলাম, ছত্রপাড়া জামে মসজিদের খতিব হাফেজ মোঃ আব্দুল মান্নান ও হাফেজ সাব্বির রহমান।

চর্যাপদ কুষ্টিয়ার আয়োজনে ইফতার মাহফিল ও আলোচনা সভা

চর্যাপদ কুষ্টিয়ার আয়োজনে ইফতার মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার বিকেলে কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমির সভাকক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম।

এসময় তিনি বলেন, সাংস্কৃতিক চর্চা বেগবান করতে কাজ করতে হবে। এই

কুষ্টিয়া যখন নদীয়া জেলা ছিলো তারও আগ থেকে এই কুষ্টিয়ায় সাংস্কৃতিক চর্চা হতো, সেই ধারা অব্যাহত রাখতে হবে।

তিনি বলেন, কুষ্টিয়ায় একসময় অনেক সংগঠন ছিল। কিন্তু পৃষ্ঠপোষকতার অভাবে ঝিমিয়ে পড়েছে এসব সংগঠন। কুষ্টিয়ায় অনেক শিল্পপতি রয়েছে তাদের এগিয়ে আসার আহবান জানান তিনি।

চর্যাপদ কুষ্টিয়ার সংগঠন তাদের চর্চা অব্যহত রাখায় ধন্যবাদ জানিয়ে তিনি আরও বলেন, সাংস্কৃতিক কর্মকান্ডের পাশাপাশি আবৃত্তি চর্চাও নিয়মিত করতে পারি তাহলে সাংস্কৃতিক কর্মীরাও তাদের মননশীলতাকে জাগ্রত করে তুলবে।

অন্যান্য জেলা আমাদের এই কুষ্টিয়ার সাংস্কৃতিক অনুষ্ঠান করতে গেলে তারা মন্ত্র মুগ্ধ হয়ে শোনেন। কারন কুষ্টিয়ার ভাষা নাকি অনেক সুন্দর। এছাড়াও সাংস্কৃতিক অঙ্গনের এ জেলা থেকে উঠে এসেছে অনেক প্রতিভাবান সাংস্কৃতিক কর্মী।

চর্যাপদ কুষ্টিয়ার সভাপতি আনোয়ার কবির বকুলের সভাপতিত্বে বক্তব্য রাখেন সংগঠনের উপদেষ্টা ও জেলা কালচারাল অফিসার সুজন রহমান, খলিলুর রহমান মজু, শেখ আক্তার হোসেন, সাধারণ সম্পাদক (ভারপ্রাপ্ত) মীর আতিক আহমেদ, দপ্তর সম্পাদক প্লাবন দে রুদ্র, সাংগঠনিক সম্পাদক ফয়সাল হোক, জাহিদুল ইসলাম রনি সহ অন্যান্যরা।

পরে দোয়া মোনাজাত পরিচালনা করা হয়।

চুয়াডাঙ্গা সদরের হায়দারপুর যুব সমাজের উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সদরের হায়দার পুর গ্রামের যুবসমাজের উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার সন্ধা ছয়টার সময় চুয়াডাঙ্গা সদরের হায়দার পুর গ্রামের জামে মসজিদে এই ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠানে পদ্মাবিলা ৫নং ওয়ার্ড সাবেক ইউপি সদস্য মোঃ শহিদুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক ও চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দার।

ইফতার ও দোয়া মাহফিলে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা যুবলীগের আহ্বায়ক কমিটির সদস্য সাজেদুল ইসলাম লাভলু, আজাদ আলী, হাফিজুর রহমান হাপু, আবুবক্কর সিদ্দিক আরিফ, লাভু, চুয়াডাঙ্গা সদরের পদ্মবিলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলম মন্ডল।

এ সময় আরও উপস্থিত ছিলেন, পদ্মবিলা ইউনিয়ন যুবলীগের সভাপতি বনফুল, হায়দার পুর জামে মসজিদ কমিটির সভাপতি সরুপ মন্ডল, সহ-সভাপতি মইনুল হোসেন, যুবলীগ নেতা রুবেল, আমান, ফাহাদ, নয়ন, তাসফির, খোকন, আসিফ, সাকিন, জামান, ইসরাফিল সহ হায়দার পুর যুব সমাজের সদস্যবৃন্দ।

আলমডাঙ্গা থানাপাড়া যুব সমাজের উদ্যোগে ইফতার মাহফিল

আলমডাঙ্গা থানাপাড়া যুব সমাজের উদ্যোগে ইফতার মাহফিল ও দোয়া মাহফিল অনুষ্টিত হয়েছে।
গতকাল আলমডাঙ্গা থানাপাড়ার মরহুম আফাজ উদ্দিন মিয়ার বাসভবনে ইফতার পুর্ব আলোচনা সভায় সভাপতিত্ব করেন থানাপাড়া যুবসমাজের প্রতিনিধি মাসুদ রানা তুহিন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ শেখ গনি মিয়া। তিনি বলেন পবিত্র রমজান মাস সিয়াম সাধনের মাস,এই মাসে আপনারা যারা থানা পাড়ায় বসবাস করেন সকলে সততার সাথে নিষ্টার সাথে একে অপরের সাথে মিলে মিসে থাকবেন।পাড়ার সকল যুব সমাজকে ভাল কাজে পরিচালনা করবেন, আল্লাহ পাক সততা এবং হালাল রুজিসহ সকলকে সত্যপথ দেখাতে সহায়তা করবে, এই মাসে আল্লাহ তালা কবর বাসিদের আজাব মাফ করে দেন, তাই রহমতের এই মাসে আমরা যারা উপস্থিত আছি তারা কোন ভাবেই কাউকে ঠকাব না, আমাদের দ্বারা কেউ

প্রতারিত হবে না।

ইফতার ও দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন, হারদী কলেজের সহকারি অধ্যাপক ইদ্রিস আলী খান, আশরাফুল ইসলাম, ডা আজিজুল হক সোমা, ডাঃ কাজল,সরকারি স্কুলের সহকারি প্রধান শিক্ষক ইলিয়াস হোসেন, প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক হামিদুল ইসলাম, বনিক সমিতির সাধারন সম্পাদক খন্দকার আব্দুল্লাহ আল মামুন, সাহিত্য পরিষদের সভাপতি ওমর আলী মাষ্টার, আসাদুল হক, মীর ঠান্ডু মিয়া, মীর লাল্টু মিয়া, মীর উজ্জল, সরকারি কলেজের ক্রীড়া শিক্ষক সাইদ হিরন, উজ্জল হোসেন, গনি মাষ্টার, ইউনুছ আলী খান, ফজলুল হক, শহিদুল ইসলাম, রহমান মাষ্টার, সাংবাদিক আতিক বিশ্বাস, ইলিয়াছ খানমতিয়ার রহমান প্রমুখ। দোয়া পরিচালনা করেন হাফেজ ওমর ফারুক ও থানা মসজিদের ইমাম মওঃ মিল্টন। মোট ৪ শত মানুষের ইফতার মাহফিলের আয়োজন করা হয়।

সার্বিক সহযোগীতায় ছিলেন, সুলতান আরেফিন, সন্টু মিয়া, ডাঃ আলো, সানজার মল্লিক, এ্যাডঃ তপু, টিলু হাসান, বিপুল মিয়া, লিপু মিয়া, আলো, প্রকৌশলী শিতল, ড্যানি, ডিউক, প্রিন্স, মিঠু, সাজু, হুমায়ন, সাকিল, টুটুল, মিজু, সোহাগ, সানজার, রিমন, লিটু প্রমুখ।

মেহেরপুর জেলা পরিবেশন সমিতির ইফতার মাহফিল ও আলোচনা সভা

মেহেরপুর জেলা পরিবেশন সমিতির উদ্যোগে ইফতার মাহফিল, দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সন্ধ্যায় মেহেরপুর সেভেন সেন্স রেস্টুরেন্টে এই ইফতার মাহফিল, দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা পরিবেশক সমিতির সভাপতি হাসেম আলী।

জেলা পরিবেশন সমিতির সদস্য সোমেল রানার সঞ্চালনায় অন্যদের মধ্যে

বক্তব্য রাখেন জেলা পরিবেশক সমিতির সাধারণ সম্পাদক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, জেলা পরিবেশক সমিতির প্রধান উপদেষ্টা ও চেম্বার অব কমার্সের সভাপতি আলহাজ্ব গোলাম রসূল, চেম্বার অব কমার্সের সাধারণ সম্পাদক আরিফুল এনাম বকুল, হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি আব্দুল হান্নান।

এছাড়া উপস্থিত ছিলেন পরিবেশক সমিতির সহ-সভাপতি আকবর বিশ্বাস, যুগ্ম সাধারণ সম্পাদক বদরুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক আব্দুর রাজ্জাক, দপ্তর সম্পাদক আবু হোসেন কাকন, মফিজুর রহমান, সদস্য সাদরুল ইসলাম নাহিদ, পলাশ প্রমুখ সেখানে উপস্থিত ছিলেন।

আলোচনা সভায় সকলের সম্মতিক্রমে ট্রান্সকম বেভারেজ গ্রুপ লিমিটেড এর পণ্য সেভেন আপ ও পেপসি কোম্পানি মেহেরপুর জেলা পরিবেশন সমিতিকে অবজ্ঞা করায় সেভেন আপ ও পেপসির সকল পণ্য মুজিবনগর উপজেলায় আগামী দুই এপ্রিল তারিখ থেকে পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত সকল ব্যবসায়ীকে পণ্য ক্রয় বিক্রয় না করার জন্য অনুরোধ জানিয়েছেন।

কুষ্টিয়ায় জাতীয় কবিতা মঞ্চের উদ্যোগে ইফতার মাহফিল ও আলোচনা সভা

এসএম জামাল: ‘কবিতা হোক অধিকার আদায়ের শ্লোগান’ এই শ্লোগানকে উপজীব্য করে ‘জাতীয় কবিতা মঞ্চ’ কুষ্টিয়া জেলা শাখার উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। একইসাথে ইফতার মাহফিল, স্বরচিত কবিতাপাঠের আসর বসে।

সোমবার বিকেলে কুষ্টিয়া শহরের আঞ্জুম’স কিচেনে এ ইফতার মাহফিল, স্বরচিত কবিতাপাঠ এবং সাহিত্য বিষয়ক আলোচনা অনুষ্ঠিত হয়।

জাতীয় কবিতা মঞ্চ কুষ্টিয়া জেলা শাখার সভাপতি কবি ও লেখক শেখ আক্তার সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক শাহাবুদ্দিন আহমেদের

সঞ্চালনায় এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন
সহসভাপতি শাকিলা পারভিন দোলা, রেজাউর রহমান খান, কবি নুরুন্নাহার, সহ সাধারণ সম্পাদক এসএস রুশদী, সাংগঠনিক সম্পাদক কার্তিক বিশ্বাস, সাহিত্য সম্পাদক লায়লা আরজুমান বানু, সংগঠনের উপদেষ্টা ওবায়দুর রহমান সহ সংগঠনের সদস্যরা।

বক্তারা সুস্থধারার সাহিত্য-সংস্কৃতি চর্চায় ‘জাতীয় কবিতা মঞ্চ’ কুষ্টিয়া জেলা শাখা গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

বক্তারা আরও বলেন, কুষ্টিয়ার মানুষ মানেই বাউল সম্রাট ফকির লালন, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর, সাহিত্যিক মীর মশাররফ হোসেন, কবি আজিজুর রহমান। এই কুষ্টিয়া থেকে সাহিত্যঙ্গনেও ভালো কিছু বয়ে এনেছে এবং আগামীতেও বয়ে আনবে বলে আমরা বিশ্বাস করি।

বাড়ি মেহেরপুর ফেসবুক গ্রুপের পক্ষ থেকে ইফতার মাহফিল

বাড়ি মেহেরপুর ফেসবুক গ্রুপের পক্ষ থেকে ইফতার মাহফিলের আয়োজন করা হয়েছে।

আজ শনিবার (২৩শে মার্চ) পুরাতন বাসস্ট্যান্ড সংলগ্ন পোস্ট অফিস রোডে ফেসবুক ভিত্তিক সামাজিক গ্রুপ বাড়ি মেহেরপুরের প্রধান কার্যালয়ে ইফতার মাহফিলের আয়োজন করা।

বাড়ি মেহেরপুর গ্রুপের প্রধান এডমিন আমেরিকান প্রবাসী এম এম নুরুজ্জামানের সহযোগিতায় ইফতার মাহফিল অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাড়ি মেহেরপুরের এডমিন মোহাম্মদ রিনু, এডমিন আসাদুজ্জামান খান রাজ, মডারেটর মোঃ মাবুদ সহ বাড়ি মেহেরপুর ফেসবুক গ্রুপের বিভিন্ন সদস্যরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদা স্পের্টিং ক্লাবের উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত

দামুড়হুদা স্পোটিং ক্লাবের উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৫টার সময় দামুড়হুদা রুপকথা কফি হাউজে এই ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের সভাপতি ও চুয়াডাঙ্গা জেলা ডিএফএ এর সভাপতি ইখলাছ উদ্দিন সুজন এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন ক্লাবের সাধারণ সম্পাদক শাহাজান আলী, কোচ ম্যানেজার শহীদ আজম সদু। এসময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, যুগ্ম সাধারণ সম্পাদক শেখ হাতেম, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, সহসাংগঠনিক সম্পাদক রাজু আহাম্মেদ সন্জু। দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, যুগ্ম সাধারণ সম্পাদক মিরাজুল ইসলাম মিরাজ, জেলার সাবেক কৃতি খেলোয়াড় ও দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের সদস্য জাকির হোসেন, আশাদুল হক, ইমরান, আশাদুল হক আশা, আরশাদ, মিঠু, সাবেক খেলোয়াড় আ: ওয়াহেদ, সুমনসহ ক্লাবের সদস্য বৃন্দরা উপস্থিত ছিলেন। ইফতার মাহফিলে দোয়ার অনুষ্ঠান পরিচালনা করেন ক্লাবের সদস্য ইখতিয়ার উদ্দিন।

ইফতার মাহফিল অনুষ্ঠানে দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের সভাপতি ইখলাছ উদ্দিন সুজন বলেন, পারস্পরিক সহযোগিতাপূর্ণ মনোভাবে এবারের ঈদ হয়ে উঠুক আরও প্রাণোচ্ছল ও উপভোগ্য। এসময় তিনি চুয়াডাঙ্গা জেলাবাসীকে পবিত্র ঈদুল ফিতরের শুভেচ্ছা জানায়, ঈদ মোবারক।

মুজিবনগরের সরকারি শিশু পরিবারে ঈদ সামগ্রী বিতরণ ও ইফতার মাহফিল

মুজিবনগর সরকারি শিশু পরিবার (বালিকা) নিবাসীদের ঈদ সামগ্রী বিতরণ ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার বিকেলে শিশু পরিবার মিলনায়তনে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মুজিবনগর সরকারি শিশু পরিবার (বালিকা) এর আয়োজনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম।

এসময় জেলা প্রশাসক শিশুদের সাথে কথা বলেন, তাদের খোঁজখবর নেন এবং শিশুদেরকে আত্মবিশ্বাস ও আত্মপ্রত্যয় নিয়ে এগিয়ে যাওয়ার স্বপ্ন দেখান। তিনি তার দু’সন্তানকে নিয়ে শিশুদের সাথে ইফতার করেন ও ঈদ উপহার সামগ্রী তুলে দেন।

এ ছাড়াও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাস, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস, জেলা সমাজসেবা অধিদপ্তরেরর উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি, মুজিবনগর সরকারি শিশু পরিবার (বালিকা) নিবাসের কর্মকর্তাগণ ও শিশু পরিবারের সকল সদস্যরা ।